70

দৈনিক সংবাদ

তারিখ ... 10 APR 1996 ..
পৃষ্ঠা 1 কলাম 2

ঢাকা বিশ্ববিদ্যালয়

# প্রতিটি আসনে ভর্তির জন্য লড়বে ১৫ জন করে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদের অধীন বিভিন্ন বিভাগের সম্মান শ্রেণীর প্রথম বর্ষের প্রায় ৩ হাজার ৮শ' ৮০টি আসনে ভর্তির জন্য প্রায় ৫৯ হাজার ১শ' ১২টি আবেদনপত্র জমা পড়েছে। এবার প্রতিটি আসনের জন্য ১৫জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের 'ক'

ভর্তি ঃ পৃঃ ৮ কঃ ২

## ভর্তি ঃ লড়বে

(১ম পৃষ্ঠার পর)

ইউনিটের অধীন বিভিন্ন বিভাগের প্রায় ১১শ' আসনের জন্য ২১ হাজার ২শ' আবেদনপত্র জমা পড়েছে। এ ইউনিটে প্রতিটি আসনের জন্য ১৯ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

মানবিক বিভাগের শিক্ষার্থীদের 'খ' ইউনিটের অধীন বিভিন্ন বিভাগের ১৬শ' আসনের জন্য ১৪ হাজার ৫শ' আবেদনপত্র জমা পড়েছে। এ ইউনিটে একটি আসনের জন্য ৯ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের 'গ' ইউনিটের অধীন বিভিন্ন বিভাগের ৫৮০টি আসনের জন্য ৮ হাজার ৯শ' ১২টি আবেদনপত্র জমা পড়েছে। এ ইউনিটে প্রতিটি আসনের জন্য ১৫ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

বিভাগ পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের 'ঘ' ইউনিটের ৬শ' আসনের জন্য ১৪ হাজার ৫শ' আবেদন জমা পড়েছে। এ ইউনিটে প্রতিটি আসনের জন্য ২৪ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

আগামী ৯ই মে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা, ১০ই মে 'ঘ' ইউনিট, ১৭ই মে 'খ' ইউনিট এবং ২৪শে মে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।